

169

প্রধানমন্ত্রী সরকারে ঢাকা ভার্শিটির ভিপি

ডীন ও সিণ্ডিকেট সদস্যবৃন্দ

ছাত্রবাসের খাবারের মান উন্নয়নে ১৪ লক্ষ টাকা দেওয়া হইবে

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল বৃহস্পতিবার বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলের ছাত্রদের জন্য উন্নতমানের খাদ্য সরবরাহের লক্ষ্যে ১৪ লক্ষ টাকা ভর্তুকি দেওয়া হইবে। ঢাকা বিশ্ববিদ্যা-

লয়ের বিভিন্ন ফ্যাকাল্টির নব-নির্বাচিত ডীন এবং সিণ্ডিকেট সদস্যরা প্রধানমন্ত্রীর সহিত সাক্ষাৎ করিলে তিনি এই ঘোষণা দেন। এই সাক্ষাৎকারের সময় তাহারা দেশে উচ্চ শিক্ষার ক্ষেত্রে বর্ধিত (১১শ পৃঃ ২-এর কঃ ডঃ)

প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

সুযোগ-সুবিধার বিষয়ে প্রধানমন্ত্রীর সহিত আলোচনা করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান এবং গৌরবময় অতীতের কথা উল্লেখ করিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা বিশ্ববিদ্যালয়ে ডক্টরেট ডিগ্রী এবং গবেষণা পরিচালনার জন্য সুযোগ-সুবিধা বৃদ্ধির প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। প্রধানমন্ত্রী শিক্ষকদের পরামর্শের সহিত একাত্মতা প্রকাশ করিয়া বলেন, সরকার উচ্চ শিক্ষার উন্নয়নে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করিবে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা এবং শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীসহ শিক্ষা বিষয়ক বিভিন্ন কর্মসূচীর কথা উল্লেখ করিয়া প্রধানমন্ত্রী বলেন, বি-

এনপি সরকার দেশের সকল লোককে শিক্ষিত করার সব রকম ব্যবস্থা গ্রহণ করিয়া ছ। তিনি দেশে শিক্ষার উন্নয়নে সরকারী প্রচেষ্টায় সহায়তা করার জন্য শিক্ষকসহ সকল শ্রেণীর লোকের সহায়তা কামনা করেন।

ভাইস চ্যান্সেলর অধ্যাপক এমাজউদ্দিন আহমদ বলেন, বিশ্ববিদ্যালয়ের সেসনজট অনেকাংশে হ্রাস পাইয়াছে। আগামী এক বছরের মধ্যে উহা দূর হইবে বলিয়া তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, শিক্ষার পরিবেশ এখন উন্নত হইয়াছে এবং শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা কামনা করেন।

প্রধানমন্ত্রীর সহিত সাক্ষাৎকারীদের মধ্যে ছিলেন আইন ফ্যাকাল্টির ডীন ডঃ এরশাদুল বারী, বিজ্ঞান ফ্যাকাল্টির ডীন অধ্যাপক শফি চৌধুরী, বিজনেস স্টাডীজ ফ্যাকাল্টির ডীন অধ্যাপক মঈনুদ্দীন খান, জীববিজ্ঞান ফ্যাকাল্টির ডীন অধ্যাপক সুলতান উদ্দিন হাসান, সমাজ বিজ্ঞান ফ্যাকাল্টির ডীন অধ্যাপক আসাদুজ্জামান, সিণ্ডিকেট সদস্য অধ্যাপক মোস্তাফিজুর রহমান, অধ্যাপক শফিকুর রহমান ও সহযোগী অধ্যাপক মোসলেহ উদ্দীন তারেক এবং অর্থ কমিটির সদস্য অধ্যাপক মাহবুবুর রহমান।

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার এবং ডাকসুর ভিপি আমানুল্লাহ আমান এমপি উপস্থিত ছিলেন।